গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১৮.০২.০০০১.১৯.২৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮
১০ আগস্ট ২০২১

বিষয়: **মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রেরণ।**

সূত্র: এ বিভাগের ইউপি-১ শাখার স্মারক নং-৫৩৯, তারিখ: ১৮ জুলাই ২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা গত ১৮/০৭/২০২১ তারিখে জারী করা হয়েছে। নির্দেশিকায় উল্লিখিত ছক অনুযায়ী ২৮ ফেব্রুয়ারির মধ্যে ইউনিয়ন পরিষদ সভার সিদ্ধান্তসহ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আবেদন করবে। উপজেলা নির্বাহী অফিসার হতে প্রাপ্ত তালিকা জেলা প্রশাসক ৩১ মে এর মধ্যে স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরণ করবেন। উক্ত সময়সূচি অনুসরণ করে চলতি ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য রক্ষিত বরাদ্দ ছাড় করা অসম্ভব। সেপ্রেক্ষিতে চলতি ২০২১-২২ অর্থবছরে নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, চলতি অর্থবছরের ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রয়োজনীয় কাগজাদিসহ জেলা প্রশাসকের মাধ্যমে আগামী ১৫/০৯/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আগামী ২০২২-২৩ অর্থবছরে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য নির্দেশিকা (ছক-১ ও ছক-২সহ) যথাযথভাবে অনুসরণ করে প্রস্তাব প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

১০-৮-২০২১
মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন: ৯৫১৪১৯০
ইমেইল: up2lgd@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১৮.০২.০০০১.১৯.২৬/১

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮
১০ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক (সকল)।
৩) উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), ---------------------------জেলা।
৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০-৮-২০২১

মোঃ আকবর হোসেন

উপসচিব